



পর্যায়ক্রমিক
ধাপ অনুযায়ী প্রয়োজনীয়
সতর্কতার সাথে পেমেণ্ট
নিশ্চিত করে অ্যাপয়েন্টমেন্ট
সম্পন্ন করার প্রক্রিয়া



Digital
Literacy
Center



দোস্তু একটা বিষয়
একটু বলতো অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট
গ্রহণ করতে পেমেণ্টসমূহ সাধারণত
কীভাবে পরিশোধ করা হয়। বিশেষ করে,
যে সকল পরিষেবাতে অগ্রিম
অর্থ পরিশোধ করতে হয়।

আচ্ছা এটা খুবই সহজ।

বিশেষ করে, যে সকল পরিষেবাতে অগ্রিম
অর্থ পরিশোধ করতে হয় সেগুলি গ্রহণ
করতে চাইলে তোকে অবশ্যই পেমেণ্ট
নিশ্চিতকরণের সুরক্ষিত প্রক্রিয়া ও এ
সংক্রান্ত সতর্কতা সম্পর্কে জানতে হবে।

হ্যাঁ আমি
সেটাই জানতে
চাচ্ছি।



ধর তুই যদি অনলাইনে বাসের টিকিট এর জন্য
পেমেণ্ট নিশ্চিত করতে চাস তাহলে
প্রথমেই তোর মোবাইল বা কম্পিউটারের ব্রাউজারের
সাহায্যে নির্দিষ্ট অনলাইন বাস টিকিট প্রদানকারী
সংস্থার ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।

সাইটের নির্দিষ্ট ঘরে তোর যাত্রার
দিন-তারিখ, সময়, কাঙ্ক্ষিত কোচের
নাম, যেই স্থানে ভ্রমণ করতে আগ্রহী
তাঁর নাম, ইত্যাদি সাধারণ তথ্যাবলী
প্রদান করতে হবে।

আচ্ছা
তারপর?

তারপর, সাইটটি নির্দিষ্ট দিনে তোর কাঙ্ক্ষিত
কোচের অবিক্রিত সিট সমূহ প্রদর্শন করবে।

তুই কাঙ্ক্ষিত সিটটি পছন্দ করে
কনফার্ম করার পরে সাইটটি মোবাইল
ব্যাংকিং অথবা ক্রেডিট কার্ডের
সাহায্যে পেমেণ্ট প্রদান করতে বলবে।



ঠিক আছে।
তারপর?

তারপর, সাইটটি নির্দিষ্ট দিনে তোর কাজিফত ডাক্তারের শিডিউল প্রদর্শন করবে।

তোর কাজিফত সময়সীমা পছন্দ করে কনফার্ম করার পরে সাইটটি তোকে মোবাইল ব্যাংকিং অথবা ক্রেডিট কার্ডের সাহায্যে পেমেন্ট প্রদান করতে বলবে।

নির্দিষ্ট ঘরে তোর মোবাইল ব্যাংকিং বা ক্রেডিট কার্ড থেকে টাকা পাঠানোর জন্য প্রয়োজনীয় তথ্যাবলী প্রদান করলে পেমেন্ট সম্পন্ন হওয়ার নোটিফিকেশন আসবে।

এবং তোর অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিতকরণ বার্তাসহ একটি সিরিয়াল ও লিঙ্ক প্রদান করবে।

এই সিরিয়াল ও লিঙ্ক ব্যবহার সাপেক্ষে তুই সেবাটি গ্রহণ করতে পারবি।

ধন্যবাদ
দোস্তু! খুবই
উপকার হলো।